মেহেরপুর জেলা বিএনপি’র বিক্ষোভ সমাবেশ

ভোলায় পুলিশে গুলিতে নিহত স্বেচ্চাসেবক দলের নেতা আব্দুর রহিম ও অর্ধশতাধিক নেতা কর্মী আহত হওয়ার প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা বিএনপির উদ্যেগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ সমাবেশটির সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। সভাপতির বক্তব্যে তিনি বলেন, আব্দুর রহিমের এই রক্ত আগামী দিনের সংগ্রামে আমাদের অনুপ্রেরণা যোগাবে। আব্দুর রহিমের রক্ত ক্ষননের মধ্য দিয়ে আমরা সেই লড়াইয়ের মধ্যে ধাবিত হচ্ছি, যে লড়াই আমাদের প্রমাণ করবে যে আর কোনো দাবি নয় শুধু এই সরকারের ১ দফা পতনের সংগ্রাম ছাড়া।

এছাড়াও জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, জেলা বিএনপির সহ- সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, শহিদুল ইসলাম নাসির,জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জুলফিকার আলী ভুট্ট, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরিজুললা বাবলু মাস্টার, মাহবুবুর রহমান মাহবুব, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল মিন্টু,জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুননেসা নয়ন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম,গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক,জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন প্রমুখ। এসময় জেলা বিএনপির বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য,বিদ্যুতের লোডশেডিং ও জ্বালানি খাতে অব্যবস্থাপনার প্রতিবাদে ভোলায় বিক্ষোভ সমাবেশে বিএনপির সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় গুলিবিদ্ধ হয়ে আবদুর রহিম নামে এক স্বেচ্ছাসেবক দলের নেতা নিহত হন।

সমকালীন উপলব্ধি – এবি ছিদ্দিক

সময়ের ঠোঁটে দেখি জাগতিক নেশার সুখ!
নেশার পিলগুলোও খাবলে ধরছে প্রজন্মের ভবিষ্যৎ!

আগামীর স্বাস্থ্য লিক লিকে টিকটিকির শরীর।
ওষ্ঠ্যের চার পাশে ছাই-ভস্মের ছোপ ছোপ দাগ!

প্রযুক্তির সুখ দাঁড়িয়েছে সুখের পথ আগলে।
ক্ষণিকটা সুখ…তাও ক্রমশ ব্র্যাকেট বন্দী জীবনে।

মানুষগুলো ধীরে ধীরে আটকে পড়ছে স্বতন্ত্র সত্ত্বায়
জীবন বোধের খাতায় মিলছে মাকাল ফল।

তবু সুখের মজলিশ বসুক আশার ব্যালকনিতে
বোধের চাবিটা খুঁজে পাক অন্তহীন সুখের আঁকড়।

মার্কিন ড্রোন হামলায় আল-জাওয়াহিরি নিহত

আফগানিস্তানের রাজধানী কাবুলে মার্কিন ড্রোন হামলায় আল কায়েদার শীর্ষ নেতা আয়মান আল-জাওয়াহিরি নিহত হয়েছেন। গত রবিবার ড্রোনের মাধ্যমে ওই হামলা চালায় যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা সিআইএ।

সোমবার (১ আগস্ট) মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন টেলিভিশনে দেওয়া এক বক্তব্যে জাওয়াহিরির মৃত্যুর খবর নিশ্চিত করেন।

তিনি বলেন, মার্কিন নাগরিকদের ওপর হত্যাকাণ্ড ও সহিংসতা চালিয়েছিলেন জাওয়াহিরি। এই সন্ত্রাসী নেতার মৃত্যু হয়েছে। এর মধ্য ন্যায়বিচার প্রতিষ্ঠা হয়েছে।

পাকিস্তানে এক মার্কিন হামলায় ২০১১ সালে ওসামা বিন লাদেন নিহত হওয়ার পর জাওয়াহিরি আল কায়েদার দায়িত্ব নেন। তার আগে আল-জাওয়াহিরিকে ওসামা বিন লাদেনের ডান হাত আর আল-কায়েদার মূল চিন্তাবিদ বলে গণ্য করা হত। অনেকে মনে করেন জাওয়াহিরিই ছিলেন ১১ সেপ্টেম্বর হামলার মূল রূপকার।

মেহেরপুরে অবসরে যাওয়া চার পুলিশ বাড়ি ফিরলেন সুসজ্জিত গাড়িতে

চাকুরী জীবনের শেষ দিনে ফুলে ফুলে সুসজ্জিত গাড়িতেই বাড়ি ফিরলেন অবসর উত্তর ছুটি (পিআরএল), উপপরিদর্শক (এসআই) মোঃ দানিয়েল ইসলাম, সহকারী উপপরিদর্শক (এএসআই) মোঃ আব্দুর রাজ্জাক, কনস্টেবল মোঃ ইসমাইল হোসেন এবং কনস্টেবল মোঃ সাফিউল ইসলাম।

আজ মঙ্গলবার (২ আগষ্ট) মেহেরপুর জেলা পুলিশ ছিলো পুলিশের এসব সদস্যদের কর্মস্থলের শেষ দিন।

দীর্ঘ প্রায় ৪০ বছর চাকুরীজীবন সমাপ্ত করে পিআরএল এ গেলেন এসব পুলিশ অফিসার ও সাধারণ কনস্টেবল।

পুলিশ সুপারের আয়োজনে আনুষ্ঠানিকতা শেষে বিদায়ী সহকর্মীদের সুসজ্জিত গাড়িতে করে কর্মস্থল থেকে নিজ নিজ বাড়ি পৌঁছে দেওয়া হয় তাদের।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত পুলিশ (প্রশাসন)সুপার জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) অপু সারোয়ার সহ পুলিশের কর্মকর্তা ও কনস্টেবলবৃন্দ উপস্থিত ছিলেন ।

‘ফাইনালে’ টস হেরে ফিল্ডিংয়ে বাংলাদেশ

জিম্বাবুয়ের বিপক্ষে অঘোষিত ফাইনালে টস হেরে আবারও ফিল্ডিংয়ে বাংলাদেশ দল।

জিম্বাবুয়ের হারারে স্পোর্টস ক্লাব মাঠে ম্যাচটি অনুষ্ঠিত হচ্ছে।

এর আগে তিন ম্যাচ সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে বাংলাদেশের বোলারদের তুরুপের তাসে পরিণত করে ২০৫ রানের রানের পাহাড় গড়ে। রানের সেই পাহাড় ডিঙ্গাতে নেমে ১৭ রানে হারে টাইগাররা।

সিরিজের দ্বিতীয় ম্যাচে জিম্বাবুয়েকে একাই ধসিয়ে দেন অফ স্পিনার মোসাদ্দেক হোসেন সৈকত। ইনিংসের উদ্বোধনী ওভার থেকে শুরু করে প্রথম ৭ ওভারের মধ্যেই নিজের প্রথম স্পেলে ৪ ওভারে মাত্র ২০ রান খরচ করে স্বাগতিক দলের প্রথম সারির ৫ ব্যাটসম্যানকে সাজঘরে ফেরান সৈকত। ৩১ রানে ৫ উইকেট হারানো দলটি সিকান্দার রাজার দায়িত্বশীল ব্যাটিংয়ে ভর করে শেষ পর্যন্ত ৮ উইকেট হারিয়ে ১৩৫ রান করে।

টার্গেট তাড়ায় লিটন দাসের ঝড়ো ফিফটিতে ভর করে ১৫ বল আগেই ৭ উইকেটের দাপুটে জয়ে সিরিজে ১-১ সমতায় ফেরে বাংলাদেশ।

মঙ্গলবার সিরিজের তৃতীয় ও শেষ টি-টোয়েন্টি ম্যাচে মুখোমুখি জিম্বাবুয়ে-বাংলাদেশ। এই ম্যাচটি উভয় দলের জন্যই গুরুত্বপূর্ণ; যারা জিতবে সিরিজ তাদেরই হবে।

মুজিবনগরে ৬ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার

নারী নির্যাতন মামলায় ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামী পারিজারি আইনে ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামী শাহাজামাল বিশ্বাস (৪০) কে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

গ্রেফতারকৃত শাহাজামাল বিশ্বাস মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের মুক্তার আলী বিশ্বাসের ছেলে।

সোমবার দিবাগত রাতে মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) ইসরাফিল হোসেনের নেতৃত্বে পুলিশের একটি টীম গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। শাহাজামালের নামে মামলা নং ৬/২২।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন, গোপন সংবাদে খবর পেয়ে উপপরির্শক ইসরাফিল হোসেন সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

আজ মঙ্গলবার (২ আগষ্ট) সকালের দিকে শাহাজামালকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

যেভাবে বদলে যাচ্ছে আনিসার সংগীত জীবন

সিনেমার গান অর্থাৎ প্লেব্যাকে শ্রোতা-দর্শকের পাশাপাশি প্রযোজক, পরিচালকের কাছে একজন নির্ভরযোগ্য শিল্পী হয়ে উঠতে পারাটা একজন শিল্পীর জন্য অনেক বড় প্রাপ্তি। এই প্রজন্মের মিষ্টি কণ্ঠের গায়িকা আতিয়া আনিসার সংগীত জীবনের মোড় ঘুরিয়ে দিচ্ছে যেন সিনেমার গানই।

বলা যায়, এখন পর্যন্ত যতগুলো সিনেমায় তিনি গান গেয়েছেন, সব গানই শ্রোতাপ্রিয়তা পেয়েছে। বিশেষত সর্বশেষ ‘পরাণ’ সিনেমায় জনি হকের

লেখা ও নাভেদ পারভেজ’র সুর ও সংগীতে ‘চলো নিরালায়’ গানটি গেয়ে আতিয়া আনিসা বেশ আলোচনায় এসেছেন। ‘পরাণ’ সিনেমাটি যেমন প্রতিনিয়ত দর্শক দেখছেন, গানটিও শুনছেন মুগ্ধ হয়ে।

কৌতূহলী হয়ে অনেকেই জানতে চাইছেন শিল্পী কে। ইউটিউবে সার্চ দিয়ে সবাই জেনে নিচ্ছেন আনিসার নাম। আর এভাবেই একজন শিল্পীর প্রতি শ্রোতা দর্শকের আগ্রহ জন্মায়। শিল্পীরও তখন দায়িত্ব বেড়ে যায় সিনেমাতে আরও ভালো ভালো গান করার।

মুহাম্মদ মোস্তফা কামাল রাজের ‘যদি একদিন’ সিনেমায় আতিয়া আনিসা প্রথম প্লেব্যাক করেন। গানের শিরোনাম ‘চুপকথা’। গানটি লিখেছেন জনিক হক, সুর সংগীত করেছেন ইমরান মাহমুদুল। তিনি সহশিল্পীও ছিলেন। এর পর আনিসা ‘শাহেনশাহ’ সিনেমায় ‘তুই আমি চল’, ‘পাপ পুণ্য’ সিনেমায় ‘তোমার পাশে হাঁটতে দিও’, ‘সাত নম্বর ফ্লোর’ সিনেমায় ‘কোন ইশারায়’ এবং অনন্ত জলিল-বর্ষা অভিনীত ‘দিন দ্য ডে’ সিনেমায় ‘তোকে রাখব খুব আদরে’ প্লেব্যাক করেন। ‘দিন দ্য ডে’ সিনেমার গানটির গীতিকার স্নেহাশীষ ঘোষ, ইমরান মাহমুদুলের সুর সংগীতে আনিসা ইমরানের সঙ্গেই গানটি গেয়েছেন। এই গানটি বেশ সাড়া ফেলেছে দর্শকের মধ্যে। এই গানটি এরই মধ্যে ১৯ লাখেরও বেশি ভিউয়ার্স উপভোগ করেছেন। অন্যদিকে ‘চলো নিরালায়’ গানটি ৩৬ লাখেরও বেশি ভিউয়ার্স উপভোগ করেছেন।

বলা যায়, প্লেব্যাকে আনিসার ভাগ্যটা বেশ সুপ্রসন্ন। তাই বলা যায় প্লেব্যাকই বদলে দিচ্ছে গায়িকা হিসেবে আগামী দিনে তার পথচলার হিসাব-নিকাশ।

আতিয়া আনিসা বলেন, আরও ভালো গল্পের সিনেমার গানে প্লেব্যাক করতে চাই। ছোটবেলা থেকেই যেহেতু সিনেমায় গান গাওয়ার স্বপ্ন আমার, তাই একজন প্লেব্যাক সিঙ্গার হিসেবেই আমি প্রতিষ্ঠিত হতে চাই। শিল্পী হিসেবে এটি আমার শুরুই বলা চলে। আমি সবার সঙ্গেই কাজ করতে চাই।

বর্ষায় শুষ্ক ত্বকের যত্ন

বর্ষাকাল মানেই ভ্যাপসা গরম, যখন তখন বৃষ্টি আর কাঠফাটা রোদ। এ সময়ে বাতাসে আর্দ্রতার পরিমাণও যথেষ্ট বেশি। ঠিকঠাক যত্ন না নিলে ত্বক রুক্ষ, প্রাণহীন হয়ে পড়ে। ত্বকে ব্রণ ও অ্যালার্জির সমস্যাও দেখা দিতে পারে।

যাদের তৈলাক্ত ত্বক, তাদের সমস্যা আরও বেশি। ত্বক বিশেষজ্ঞরা বলেন, শুধু বর্ষায় নয়, সারা বছরই ত্বক যত্নে রাখা প্রয়োজন। বর্ষায় ত্বক আর্দ্র রাখার জন্য চাই আলাদা সতর্কতা। যেকোনো ঋতুতেই সানস্ক্রিন লোশন ব্যবহার করা জরুরি। এর পাশাপাশি, ভালো ভাবে পরিষ্কার রাখতে হবে নিজের ত্বক। তার জন্য রাতে ত্বকের যত্নে বাড়তি মনোযোগ দিতে হবে। জেনে নিন বর্ষার রাতে ত্বকের যত্ন কীভাবে নেবেন।

দুধ দিয়ে ত্বক পরিষ্কার করতে পারেন। ত্বকের যত্নে দুধের মতো উপকরণ খুব কম আছে। রাতে ঘুমাতে যাওয়ার আগে কাঁচা দুধ দিয়ে ত্বক পরিষ্কার করে নিন। ত্বক নরম হবে এবং ত্বকের সব ময়লাও এতে ওঠে যাবে।

যদিও বাতাসে বেশি আদ্রতা তারপরেও বর্ষাতে মাঝেমাঝে ত্বক শুষ্ক হয়ে যেতে পারে। এ ক্ষেত্রে মৃত কোষ তুলে ফেলা প্রয়োজন। তাই মাঝেমধ্যেই নারকেল তেল বা অলিভ অয়েল দিয়ে ত্বকে মালিশ করতে পারেন। তারপর হালকা গরম পানি দিয়ে মুখ ধুয়ে ফেলুন। সপ্তাহে অন্তত দুদিন এই অভ্যাস করলে উপকার পাবেন।
প্রতি রাতে বেশ ঘন কোনো ক্রিম বা ময়েশ্চারাইজার ব্যবহার করবেন। ক্রিম দিয়ে ত্বক মালিশও করতে পারেন। এতে ত্বক শুধু নরমই হবে না, আর্দ্রও থাকবে।

সপ্তাহে একবার বাড়িতে কোনো ফেস মাস্ক বানিয়ে নিতে পারেন। কলা চটকে তাতে মধু আর দই মিশিয়ে মাস্ক বানিয়ে ফেলতে পারেন। রাতে শোয়ার আগে সেই মাস্ক মুখে মেখে মিনিট দশেক রেখে পানি দিয়ে ধুয়ে ফেলুন। দেখবেন ত্বক নরম ও মসৃণ লাগছে।

গাংনী থানা পুলিশের অভিযানে ৪ জন গ্রেফতার

গাংনী উপজেলার মহম্মদপুর গ্রামে শাশুড়িকে নির্যাতনকারী প্রবাসীর স্ত্রী সেই বিপাশা কে গ্রেফতার করেছেন গাংনী থানা পুলিশ।

বিপাশার স্বামী মহম্মদপুর গ্রামের প্রবাসী রকিবুল ইসলাম। বিপাশার নামে তার শাশুড়িকে নির্যাতনের অভিযোগ মামলা রয়েছে। মামলা নং সিআর ৪২৮/২২।

এছাড়া গাংনী থানা পুলিশের নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৩ আসামী গ্রেফতার হয়েছে। গ্রেফতারকৃতদের মধ্যে সিআর মামলায় ৩ জন ও নিয়মিত মামলায় ১ আসামী রয়েছে।

এরা হলেন, গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের ইমারুল ইসলামের স্ত্রী নাজমা খাতুন (২৭) মামলা নং ৪২৩/২১ ও ৪৩৩/২১, মানিকদিয়া গ্রামের আজিজুল হকের ছেলে মোমিনুল ইসলাম, মামলা নং এসটিসি ৮৬/১৭, শিমুলতলা গ্রামের জালাল উদ্দীনের ছেলে হাসানুজ্জামান (৫০), গাংনী থানার মামলা নং ১।

সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (২ আগষ্ট) ভোররাত পর্যন্ত উপজেলার পৃথক গ্রামে অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত এসব আসামী গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে এসআই মাসুদ, এসআই আতিক, এসআই নাসির, এসআই জাহিদ, এএসআই মাহাবুব সঙ্গীয় ফোর্স নিয়ে এসব গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার (২ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

ডলার বাঁচাতে টেলিটকের ৫জি প্রকল্প স্থগিত

ফাইভ-জির আগে ফোর-জি নেটওয়ার্ক সারা দেশে সরবরাহের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, এ মুহূর্তে হাওড়, গ্রাম ও দুর্গম এলাকা ফোর-জি নেটওয়ার্ক সম্প্রসারণ করতে হবে। এ ছাড়া ডলার বাঁচাতে ঢাকা মেট্রোপলিটন এলাকায় টেলিটকের নেটওয়ার্কে বাণিজ্যিকভাবে ফাইভ-জি প্রযুক্তি চালুকরণ শীর্ষক প্রকল্পটি ফেরত দেওয়া হয়েছে।

মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ নির্দেশনা দেওয়া হয়। গণভবন থেকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফ করেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান ও পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম।

এ সময় উপস্থিত ছিলেন পরিকল্পনা সচিব মামুন-আল রশীদ, ভৌত অবকাঠামো বিভাগের সদস্য সত্যজিৎ কর্মকার, তথ্য ও ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন এবং আইএমইডির সচিব আবু হেনা মোরশেদ প্রমুখ।

পরিকল্পনামন্ত্রী বলেন, তিনি (প্রধানমন্ত্রী) মনে করেন আগে ফোর-জি সেবা উন্নতি করা উচিত। সেই সঙ্গে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করার লক্ষ্যে এ প্রকল্প স্থগিতের নির্দেশ দেন একনেক সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

তিনি বলেন, যেহেতু সরকার কৃচ্ছসাধন করছে এবং টেলিটকের ফাইভ-জি প্রকল্পের বড় অংশই আমদানিনির্ভর। তাই ডলার ব্যবহারের ওপর চাপ কমাতেই প্রকল্পটি বাদ দেওয়া হয়েছে। আর আপাতত দেশে ফাইভ-জি কাভারেজের চেয়ে ফোর-জির পরিধি বাড়ানো জরুরি। সেই আঙ্গিকে মোবাইল অপারেটরদের কাজ করার আহ্বান প্রধানমন্ত্রী শেখ হাসিনার। তবে সার্বিকভাবে বিদেশি ঋণ প্রকল্পের পরিধি কমবে কিনা সে বিষয়ে আলোচনা হয়নি।